



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

## মহান বিজয় দিবস-২০১৯ উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৬ ডিসেম্বর ২০১৯, সোমবার 'মহান বিজয় দিবস-২০১৯' উপলক্ষে সকালে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর, জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদের প্রতি শ্রদ্ধা জানাতে বিশ্ববিদ্যালয়ের পক্ষ হতে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধিবৃন্দ, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, সহায়ক কর্মচারী সমিতির পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এসময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, বিভাগের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাম্পাসে প্রত্যাবর্তনের পর দিনব্যাপী বিভিন্ন

মুক্তিযুদ্ধ ও দেশস্ববোধক গান পরিবেশিত হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

এছাড়াও ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধে শহীদদের আল্লার মাগফেরাত কামনা করে আজ জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদে বাদ যোহর কোরআনখানি ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।